

প্রধান শিক্ষকের সাথে সহকর্মীদের সম্পর্ক

বিদ্যালয় একটি জটিল সংগঠন। এ সংগঠনের মুখ্য কর্মকর্তা হলেন প্রধান শিক্ষক। প্রধান শিক্ষকের সার্বিক তত্ত্বাবধায়নে এবং অন্যান্য শিক্ষক এবং কর্মচারীদের সার্বিক সহায়তায় বিদ্যালয়ে আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে থাকে। তাই প্রধান শিক্ষকের সাথে অন্য শিক্ষকের সম্পর্ক হবে সহযোগিতামূলক ও আন্তরিকতাপূর্ণ। কারণ যদিও প্রধান শিক্ষক জ্ঞানের দিক দিয়ে অন্যান্য শিক্ষকদের চাইতে বেশি দক্ষ এবং অভিজ্ঞ হয়ে থাকেন, তথাপি প্রতিষ্ঠানিক স্বার্থে শিক্ষক অভিভাবক ও সমাজের সার্বিক সহযোগিতার বিদ্যালয় কে তিনি পরিচালনা করে থাকেন। গণতান্ত্রিক মনোভাব এর মাধ্যমে প্রধান শিক্ষক হবেন সহকর্মী শিক্ষকদের আস্থাভাজন। সহকারি শিক্ষক বোন তার সাথে সহানুভূতি এবং সহযোগিতার মনোভাব নিয়ে নির্দেশ মোতাবেক কাজ করবেন এটাই স্বাভাবিক। প্রধান শিক্ষক সহকর্মীদেরকে শাসন করবেন সত্য আবার পাশাপাশি সোহাগও করবেন, দুঃখ ব্যথায় ব্যথিত হবেন সহানুভূতি প্রকাশ করবেন এটাই স্বাভাবিক। প্রধান শিক্ষক সহকারি শিক্ষকদের আস্থাভাজন হওয়ার কতিপয় নীতিমালা নিচে উল্লেখ করা হলো

- ০১। প্রধান শিক্ষক দল-মত বর্গ গোত্রের মধ্যে সহকর্মীদের ঐক্য বজায় রাখবেন।
 - ০২। প্রধান শিক্ষক সহকর্মীদেরকে পারিবারিক জীবন সম্পর্কে সহানুভূতিশীল থাকবেন।
 - ০৩। সহকর্মীদের প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করবেন।
 - ০৪। সহ কর্মীদের কাজের মূল্যায়ন করবেন।
 - ০৫। সহকর্মীদের দায়িত্ব পালনের জন্য বারবার উদ্বুদ্ধ করবেন।
 - ০৬। দায়িত্বহীন সহকর্মীকে বারবার সতর্ক করে দায়িত্ব দিবেন।
 - ০৭। সহকর্মীদেরকে আইনানুগ সকল সুবিধা দেবেন।
 - ০৮। বিপদগ্রস্ত সহকর্মীদেরকে বিপদে উত্তোরণে সহযোগিতা করবেন।
 - ০৯। অফিসের কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি নজরদারি করা ও সম্পর্ক বজায় রাখা
 - ১০। সহকর্মীদের পারিবারিক কুশলাদি জানার প্রবণতা।
 - ১১। সহকর্মীদের অনৈতিক কাজের সংশোধনের ব্যবস্থাকরণ।
 - ১২। সহকর্মীদের প্রশিক্ষণ গ্রহণের জন্য উদ্বুদ্ধকরণ।
- প্রাতিষ্ঠানিক পর্যায়ে জেন্ডার চেতনায় সম্প্রসারণ।